

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫৬৬৯

৭৫/ রুগী (كتاب المرضى)

পরিচ্ছেদঃ ৭৫/১৭. তোমরা আমার কাছ থেকে উঠে যাও, রোগীর এ কথা বলা।

بَابِ قَوْلِ الْمَرِيضِ قُومُوا عَنِّي

আরবী

إِبْرَاهِيمُ بْنُ مُوسِى حَدَّتَنَا هِشَامٌ عَنْ مَعْمَرٍ و حَدَّتَنِي عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ حَدَّتَنَا عَبْدُ اللهِ بْنِ عَبْدِ اللهِ عَنْ الْبْ عَنْ الْنُ عُرَيِّ عَنْ عُبَيْدِ اللهِ بْنِ عَبْدِ اللهِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ لَمَّا حُضِرَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم وَفِي الْبَيْتِ رِجَالٌ فِيهِمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ قَالَ النّبِيُّ صلى الله عليه وسلم هَلُمَّ أَكْتُبْ لَكُمْ كِتَابًا لاَ تَضِلُّوا بَعْدَه " فَقَالَ عُمَرُ إِنَّ النّبِيَّ صلى الله عليه وسلم قَدْ غَلَبَ عَلَيْهِ الْوَجَعُ وَعِنْدَكُمْ الْقُرْآنُ حَسْبُنَا كِتَابُ اللهِ فَاحْتَلَفَ صلى الله عليه وسلم قَدْ غَلَبَ عَلَيْهِ الْوَجَعُ وَعِنْدَكُمْ الْقُرْآنُ حَسْبُنَا كِتَابُ اللهِ فَاحْتَلَفَ عَلْمُ الْبُيْتِ فَاخْتَصَمُوا مِنْهُمْ مَنْ يَقُوْلُ قَرِّبُوا يَكْتُبْ لَكُمْ النّبِيُّ صلى الله عليه وسلم وسلم قالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم قومُوا عِنْدَ كَتَابًا لَنْ تَضِلُّوا بَعْدَه " وَمِنْهُمْ مَنْ يَقُوْلُ مَا قَالَ عُمَرُ فَلَمَّا أَكُثُرُوا اللَّغْوَ وَالِاحْتِلاَفَ عِنْدَ كَتَابًا لَنْ تَضِلُوا بَعْدَه " وَمِنْهُمْ مَنْ يَقُوْلُ اللهِ صلى الله عليه وسلم قُومُوا النَّبِيِّ صلى الله عليه وسلم قُومُوا اللهِ عليه وسلم قُومُوا اللهِ عَليه وسلم قُومُوا اللهِ عَليه وسلم قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم قَالَ بَيْنَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم قَالَ الْهِ اللهِ صلى الله عليه وسلم قَانَ أَنْ يَكْتُبَ لَهُمْ ذَالِكَ الْكِتَابَ مِنْ اخْتِلاَفِهِمْ وَلَغَطِهِمْ.

বাংলা

৫৬৬৯. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর ইন্তিকালের সময় আগত হল, তখন ঘরের মধ্যে অনেক মানুষের জমায়েত ছিল। যাঁদের মধ্যে 'উমার ইবনু খন্তাব-ও ছিলেন। তখন নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (রোগ কাতর অবস্থায়) বললেনঃ লও, আমি তোমাদের জন্য কিছু লিখে দেব, যাতে পরবর্তীতে তোমরা পথভ্রম্থ না হও। তখন 'উমার (রাঃ) বললেনঃ নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর উপর রোগ যন্ত্রণা তীব্র হয়ে উঠেছে, আর তোমাদের কাছে কুরআন মাওজুদ। আর আল্লাহর কিতাবই আমাদের জন্য যথেষ্ট। এ সময়ে আহলে বাইতের মধ্যে মতানৈক্যের সৃষ্টি হল। তাঁরা বাদানুবাদে প্রবৃত্ত হলেন, তন্মধ্যে কেউ কেউ বলতে লাগলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে কাগজ পোঁছে দাও এবং তিনি তোমাদের জন্য কিছু লিখে দেবেন, যাতে পরবর্তীতে তোমরা কখনো পথভ্রম্ভ না হও। আবার তাদের



মধ্যে 'উমার (রাঃ) যা বললেন, তা বলে যেতে লাগলেন। এভাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে তাঁদের বাকবিতন্তা ও মতভেদ বেড়ে চলল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা উঠে যাও।

'উবাইদুল্লাহ (রহঃ) বলেনঃ ইবনু 'আব্বাস (রাঃ) বলতেন, বড় মুসীবত হল লোকজনের সেই মতভেদ ও তর্ক-বিতর্ক, যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সেই লিখে দেয়ার মধ্যে বাধা হয়ে দাঁড়িয়েছিল। [১১৪] (আধুনিক প্রকাশনী- ৫২৫৮, ইসলামিক ফাউন্ডেশন- ৫১৫৪)

English

Narrated Ibn `Abbas:

When Allah's Messenger () was on his death-bed and in the house there were some people among whom was `Umar bin Al-Khattab, the Prophet () said, "Come, let me write for you a statement after which you will not go astray." `Umar said, "The Prophet () is seriously ill and you have the Qur'an; so the Book of Allah is enough for us." The people present in the house differed and quarrelled. Some said "Go near so that the Prophet () may write for you a statement after which you will not go astray," while the others said as `Umar said. When they caused a hue and cry before the Prophet, Allah's Messenger () said, "Go away!" Narrated 'Ubaidullah: Ibn `Abbas used to say, "It was very unfortunate that Allah's Messenger () was prevented from writing that statement for them because of their disagreement and noise."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন